# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 19 May, 2025

পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত সার্চ কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পেয়েছেন রাজশাহীর বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্য অধ্যাপক সালেহ্ হাসান নকীব।রবিবার (১৮ মে) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার সিনিয়র সহকারী সচিব এ. এস. এম. কাসেম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

পাঁচ সদস্যবিশিষ্ট এই কমিটির সভাপতি হিসেবে রয়েছেন শিক্ষা উপদেষ্টা সি আর আবরার।সদস্য হিসেবে রয়েছেন- ইউজিসির সদস্য অধ্যাপক মোহাম্মদ তানজীমউদ্দিন খান ও অধ্যাপক ড. মো. সাইদুর রহমান, রাবি উপাচার্য অধ্যাপক ড. মো. সালেহ হাসান নকীব এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ফেরদৌস আজিম।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক পাবলিক বিশ্ববিদ্যালয়ের (সাধারণ, কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি এবং প্রকৌশল) নিজ নিজ আইনের আলোকে উপাচার্য নিয়োগ দেওয়া হবে।এ জন্য প্রাপ্ত আবেদনপত্রগুলোর মধ্যে থেকে তিনজন প্রার্থীর সুপারিশ প্রণয়নের জন্য সার্চ কমিটি গঠন করা হলো।সার্চ কমিটি প্রয়োজনে বিশেষত কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের বিশ্ববিদ্যালয় অনুবিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা করবে।

কমিটির কার্যপরিধি সম্পর্কে প্রজ্ঞাপনে বলা হয়, ভাইস চ্যান্সেলর নিয়োগের নিমিত্ত যোগ্য প্রার্থীদের জীবনবৃত্তান্ত সংগ্রহ করা, জীবনবৃত্তান্ত পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তিনজনকে বাছাই করা এবং বাছাইকৃত তিনজন ব্যক্তির মধ্য হতে একজনকে মনোনয়নের নিমিত্তে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের সদয় অনুমোদন গ্রহণার্থে সরকারের নিকট সুপারিশ প্রেরণ করা।

প্রজ্ঞাপনে আরও বলা হয়, এই কমিটি উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রেও একই দায়িত্ব পালন করবে।প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

বিশ্ববিদ্যালয় উপাচার্য রাবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:48

URL: https://www.timestodaybd.com/campus/7758072712